সংবাদ

014

তারিখ ... 19.8.83 ...
পৃষ্ঠা ... কলাম ...

# গৌরীপুর ডিগ্রী কলেজে ছাত্রসংখ্যা কমে যাচ্ছে

গৌরীপুর (ময়মনসিংহ), ১৬ই আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)।-গৌরীপুর কলেজটি ময়মনসিংহ জেলার সদর (উঃ) মহকুমার একমাত্র পূর্ণাঙ্গ ডিগ্রী কলেজ এবং মহকুমার প্রাচীনতম শিক্ষা প্রতিষ্ঠান। ১৯৬৪ ইং সালে স্থানীয় শিক্ষানুরাগী লোকদের সক্রিয় সহযোগিতায় কৃষ্ণপুর জমিদার বাড়ীতে এই কলেজটি প্রতিষ্ঠিত হয়।

মহকুমার অন্যতম এই শিক্ষা প্রতিষ্ঠানটি আজ নানা সমস্যায় জর্জরিত। এই কলেজের প্রধান সমস্যার মধ্যে রয়েছে আর্থিক সমস্যা, আবাসিক সমস্যা, পাঠাগার বিজ্ঞানের সরঞ্জাম, ছাত্র-ছাত্রীদের কমনরুম, ছাত্রদের হোষ্টেল কলেজের মিলনায়তনের সমস্যাই উল্লেখযোগ্য।

এই কলেজে মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে প্রায় হাজার খানেক ছাত্র ৩০ জন অধ্যাপক ও ২০ জন কর্মচারী রয়েছে। কিন্তু কলেজ প্রতিষ্ঠিত হবার প্রায় ২০ বছর পরও কলেজের বিভিন্ন সমস্যার সমাধান হয়নি। ছাত্র বেতন, সরকারী মঞ্জুরি ভাতা দিয়ে কোনক্রমে ৫।৬ মাস চলে। ফলে বাধ্য হয়েই কলেজ কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যয় চালানোর জন্য অনিয়মিত আয়ের উৎসের উপর নির্ভর করতে হয়। অন্যদিকে শিক্ষক ও কর্মচারীদের বেশ কয়েকমাস বেতন বাকী পড়েছে।

বর্তমানে দিন দিন এই কলেজের ছাত্র-ছাত্রীর সংখ্যা কমে যাচ্ছে। কলেজের ডিগ্রী হোষ্টেলের নির্মাণ কাজ বহুদিন পূর্বে শুরু হলেও অর্থের অভাবে আজও আংশিক অসমাপ্ত অবস্থায় পড়ে রয়েছে। ফলে হোষ্টেলে ছাত্রদের স্থান সংকুলান হচ্ছে না। শিক্ষক-কর্মচারীদের আবাসিক সমস্যাও প্রকট। কলেজের ২১একর সম্পত্তি রয়েছে, অথচ ছাত্রাবাস এবং শিক্ষক-কর্মচারীদের কোয়ার্টার নির্মাণের কোন উদ্যোগ নেই। কলেজ লাইব্রেরীতে বইয়ের সংখ্যা পর্যাপ্ত নয়, অন্যদিকে লাইব্রেরী থেকে ছাত্র ছাত্রীদের বই ইস্যু করা হয় না। এই কলেজে কোন মিলনায়তন নেই। ফলে কলেজের বিভিন্ন অনুষ্ঠান করতে গিয়ে ছাত্র-ছাত্রীদের তথা শিক্ষকদের দুর্ভোগ পোহাতে হয়। কলেজে ছাত্রদের জন্য কোন শৌচাগার নেই। ছাত্র-ছাত্রীদের কমনরুমগুলির অবস্থা খুবই শোচনীয়। পর্যাপ্ত আসবাবপত্র ছাড়াও বৃষ্টির দিনে পানি ঝরে। কলেজের ক্যানটিনের নির্মাণ কাজ এখনও অসমাপ্ত অবস্থায় রয়েছে। কলেজের নিজস্ব কোন খেলার মাঠ নেই। অন্যদিকে কলেজ ভবন সম্প্রসারণ, আসবাবপত্রেরও সংকট হয়েছে। ছাত্র-ছাত্রীরা বিভিন্ন সময়ে কলেজের বিভিন্ন সমস্যা সমাধানের দাবী জানিয়েও ব্যর্থ হয়েছে।

উল্লেখ্য, ১৯৭৮ ইং সন থেকে এই কলেজে কৃষি বিজ্ঞান বিভাগ চালু আছে। এ ছাড়াও অতিরিক্ত বিষয়গুলির মধ্যে এখানে আরবী, সমাজকল্যাণ ও বাংলা সাহিত্যের বিভাগ চালু আছে।

সরকার প্রতিটি মহকুমায় ১টি করে কলেজ সরকারীকরণ করলেও ময়মনসিংহ সদর (উঃ) মহকুমায় কোন কলেজকে সরকারী করা হয়নি। অথচ সদর দক্ষিণ মহকুমায় ৩টি কলেজকে সরকারী করা হয়েছে।

ময়মনসিংহ সদর (উঃ) মহকুমার ঐতিহ্যবাহী বৃহত্তর বেসরকারী কলেজটি সরকারীকরণের দাবী সদর (উঃ) মহকুমাবাসীর অনেক দিনের।